



গাজা পরিকল্পনায় তুরস্ক-কাতারকে বাদ দেওয়ার ঘোষণা নেতানিয়াহর



সংগৃহীত ছবি

গাজা যুদ্ধের পরবর্তী ধাপ ঘিরে আন্তর্জাতিক বাহিনী মোতামেনের আলোচনা চললেও এতে তুরস্ক ও কাতারের সেনাদের অন্তর্ভুক্ত করা হবে না বলে স্পষ্ট অবস্থান নিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহ।

ফিলিস্তিনি যোদ্ধা ও ইসরায়েলের মধ্যে হওয়া যুদ্ধবিরতির প্রথম ধাপের পর বর্তমানে দ্বিতীয় ধাপের প্রস্তুতি চলছে। এই পর্যায়ে গাজায় একটি আন্তর্জাতিক স্থিতিশীলতাকারী বাহিনী গঠনের প্রস্তাব রয়েছে, যেখানে বিভিন্ন দেশের সেনা অংশ নেওয়ার কথা। তবে ইসরায়েলের পক্ষ থেকে জানানো হয়েছে, এ বাহিনীতে তুরস্ক ও কাতারকে রাখা হবে না।

সোমবার ইসরায়েলি পার্লামেন্ট নেসেটে বক্তব্যে নেতানিয়াহ বলেন, যুদ্ধবিরতির দ্বিতীয় ধাপের মূল লক্ষ্য হলো গাজার সম্পূর্ণ নিরস্ত্রীকরণ এবং ফিলিস্তিনি যোদ্ধাদের অস্ত্র জমা দেওয়া। এ লক্ষ্যে আন্তর্জাতিক বাহিনী কাজ করলেও তাতে তুরস্ক ও কাতারের সেনা থাকবে না।

নেতানিয়াহর এই বক্তব্যকে ঘিরে মধ্যপ্রাচ্যের কূটনৈতিক অঙ্গনে নতুন আলোচনা শুরু হয়েছে।